দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 30 DEC 1994

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২

# এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়

আসন্ন এসএসসি পরীক্ষায় অনেক স্কুলে অতিরিক্ত ফি আদায় করছে বলে অভিযোগ পাওয়া গেছে। বোর্ড নির্ধারিত ফি'র চেয়ে অনেক টাকা বেশি নিচ্ছে। এসব বাড়তি টাকা যোগাড় করতে অভিভাবকরা হিমশিম খাচ্ছে। গোপালগঞ্জ ও নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ থানা থেকে আমাদের প্রতিনিধিরা এ খবর দিয়েছেন।

## গোপালগঞ্জ

জেলার প্রায় প্রতিটি স্কুলে অতিরিক্ত এসএসসি পরীক্ষা ফি ছাত্র-ছাত্রীদের নিকট থেকে নেয়া হচ্ছে বলে অভিযোগ উঠেছে। ১৯৯৫ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ফরম পূরণ ইতোমধ্যে শুরু হয়েছে। কিন্তু এই ফরম পূরণে বিভিন্ন স্কুল থেকে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে। জেলার বিভিন্ন এলাকা থেকে এ অভিযোগ পাওয়া গেছে। স্কুল শিক্ষকরা বিভিন্ন অজুহাতে ছাত্র-ছাত্রীদের নিকট থেকে অতিরিক্ত অর্থ আদায় করছে। শহরের দুই সরকারী হাইস্কুলে দুইভাবে পরীক্ষার ফি আদায় করা হচ্ছে। গোপালগঞ্জ এসএম মডেল সরকারী উচ্চ বিদ্যালয়ে পরীক্ষা ফি বাবদ বিজ্ঞান বিভাগে ৬৮৭ টাকা এবং কলা বিভাগে ৬৩২ টাকা হারে নিচ্ছে। অথচ বীণাপাণি সরকারী বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান বিভাগে ৭২৭ টাকা এবং কলা শাখায় ৬৮৭ টাকা হারে পরীক্ষা ফি গ্রহণ করা হচ্ছে।

এদিকে শহরের পাশের স্কুল এবং থানাসমূহের স্কুলগুলোতে ১৫শ টাকা থেকে ১৮শ" টাকা হারে পরীক্ষা ফি আদায়ের অভিযোগ উঠেছে।

গ্রামের অধিকাংশ গরিব ছাত্র-ছাত্রীদের বাবা-মা তাদের জমির ধান ও জমিজমা বিক্রি করে অথবা জমির ধান অগ্রিম বিক্রি করে ফরম পূরণের টাকা জমা দিতে বাধ্য হচ্ছে। বোর্ড কর্তৃপক্ষ নির্ধারিত টাকার অতিরিক্ত ফি আদায় করে স্কুল শিক্ষকরা তাদের আখের গুছাচ্ছেন বলে অভিযোগে প্রকাশ। এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ প্রয়োজন।

## সিদ্ধিরগঞ্জ

এসএসসি পরীক্ষার ফরম পূরণ বাবদ ছাত্র-ছাত্রীদের নিকট হতে বিদ্যালয় কর্তৃপক্ষ অতিরিক্ত টাকা ফি বাবদ আদায় করছে। ফলে অভিভাবক মহল আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। থানার ১১টি উচ্চ বিদ্যালয় থেকে এ বছর প্রায় এক হাজার ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে। প্রতি বিদ্যালয় ম্যানেজিং কমিটি ও শিক্ষকদের যৌথ পরিকল্পনায় অতিরিক্ত ফি আদায় হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। কিন্তু মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড কর্তৃক ধার্য ফি ৩৫০ টাকা, মার্কশীট ৩০ টাকা ও কেন্দ্র ফি ৭০ টাকা। এ নিয়ে মোট ৫৪০ টাকা।

অথচ এ থানার প্রতিটি বিদ্যালয় কোচিং ফি, সেশন চার্জ, বেতন বাবদ অতিরিক্ত ফি আদায় করছে। সিদ্ধিরগঞ্জ রেবতী মোহন পাইলট উচ্চ বিদ্যালয় বিজ্ঞান বিভাগে ১ হাজার ১শ' ১০ টাকা, মানবিক বিভাগে ১ হাজার ৮শ' ৬৫ টাকা